গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়: স্থানীয় সরকার বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ আমিনুর রহমান, এনডিসি<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চিফ ইনোভেশন অফিসার<br>স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | কক্ষ নং-৬১৫, ভবন নং-৭ |
| তারিখ ও সময় | : | ১৭ আগস্ট ২০২৩ রবিবার সকাল ১০.৩০ টায় |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর ইনোভেশন টিমের সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ সভাকে অবহিত করেন। তিনি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহের জন্য নির্ধারিত **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪** প্রকাশ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত বর্ণিত কর্মপরিকল্পনা টিমের সদস্যদের অবহিতকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে আজকের সভা আহ্বান করা হয়েছে। অতঃপর তিনি কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম এবং কর্ম সম্পাদন সূচক ও সূচকের বিপরীতে নির্ধারিত সময়সূচী সদস্যদের পাঠ করে শুনান। এ পর্যায়ে সকল সদস্যকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।

আলোচনার শুরুতে সভাকে স্থানীয় সরকার বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সম্পর্কে অবহিত করা হয়। ২০২২-২৩ এর কর্মপরিকল্পনার ১.৩.১ ক্রমীকভুক্ত ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত অংশে কিভাবে এ বিভাগের কর্মসম্পাদন সন্তোষজনক পর্যায়ে উন্নীত করা যায় এ সম্পর্কে সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন। এছাড়া ২.২.২ ক্রমীকে বর্ণিত ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয় এর পরিমাণ বৃদ্ধির জন্য কি কি পদক্ষেপ নেওয়া যেতে পারে এ বিষয়ে সদস্যগণের মতামত নেওয়া হয়।

পরবর্তীতে সভায় ২০২৩-২৪ এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গত অর্থবছরের সাথে বর্ণিত অর্থবছরের অধিকাংশ সূচক ও কর্মসম্পাদন সূচকের মানের মিল থাকলেও ১.৫.১, ১.৫.২, ২.১.২, ২.২.৩ ক্রমীকে নতুন কর্মসম্পাদন সূচক সংযুক্ত করা হয়েছে মর্মে সভার সদস্যগণ একমত হন।

সভায় উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্যান্য কার্যক্রম ও সূচক বিষয়ে সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**গৃহিত সিদ্ধান্ত:**

১. উদ্ভাবনী কর্মপরিকল্পনার কার্যক্রম ১.১ অর্থাৎ সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে জরুরি পদক্ষেপ হিসেবে সিটিজেন চার্টারভুক্ত সেবাসমূহের মধ্যে এ বিভাগের শাখা পর্যায়ে প্রদানকৃত কোন্ সেবাটি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন করা যায় এর তথ্য সকল শাখা হতে সংগ্রহ করতে হবে।

২. উদ্ভাবনী কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৫ এর আওতায় সম্প্রতি বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও আইসিটি বিভাগের সাথে যোগাযোগপূর্বক কর্মপরিকল্পনার বিষয়ে তথ্য সংগ্রহ করতে হবে।

৩. নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদকরণ কার্যক্রমটি প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ বাস্তবায়ন করবে এবং ই-নথির কার্যক্রম বৃদ্ধি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য তিনি সভাকে অবহিত করবেন।

৪. মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ এর জন্য এ বিভাগের অধীন দপ্তর সংস্থাকে পত্র প্রেরণ করতে হবে।

৫. মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য অধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসে পত্র প্রেরণ করতে হবে।

৬. ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনায় প্রদত্ত ডেড লাইন অনুযায়ী কর্মসম্পাদন করার লক্ষ্যে একটি ক্যালেন্ডার প্রস্তুত করতে হবে। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ এ সংক্রান্ত একটি খসড়া প্রস্তুত করবেন।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22/08/2023

(ড. মোঃ আমিনুর রহমান, এনডিসি)
অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও
চিফ ইনোভেশন অফিসার
স্থানীয় সরকার বিভাগ

E:\Osman Gani-Office\9. Innovation\Innovation Meeting\সভার কার্যবিবরণী.docx

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.৩১.০০৩.২৩-৫২৪/১(১১)

তারিখ: ৮ ভাদ্র ১৪৩০ / ২২ আগস্ট ২০২৩

**বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (পলিসি সাপোর্ট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপসচিব (জেলা পরিষদ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপসচিব (উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (ইউনিয়ন পরিষদ-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপসচিব (উপজেলা-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) ও চিফ ইনোভেশন অফিসারের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।

22/8/2023


মাহবুবা আইরিন
উপসচিব ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোন: ৫৫১০০৪০৯
ই-মেইল: lgcc2@lgd.gov.bd


E:\Osman Gani-Office\9. Innovation\Innovation Meeting\ইনোভেশন সভার কার্যবিবরণী.docx

মন্ত্রিপরিষদ বিভাগ হতে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহের জন্য নির্ধারিত **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪** প্রকাশ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪** যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠেয় সভা।

সভার তারিখ: ১৭ আগস্ট ২০২৩

সময় : ১০.৩০ ঘটিকায়

স্থান : স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) ও চিফ ইনোভেশন অফিসারের কক্ষে (কক্ষ নং-৬১৫, ভবন নং-৭, ৬ষ্ঠ তলা)

উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা:

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | | | |
| ২। | মো: আবু-আলমগীর মোহাম্মদ<br>যুগ্মসচিব | 01711108593 | 17/08/23 |
| ৩। | মোহাম্মদ সামছুল হক | 01712-295215 | 17/08/23 |
| ৪। | কবীর মাহমুদ<br>JS | 01711387462 | 17/08/2023 |
| ৫। | নন্দিনী হোসারী<br>DS | 01716908253 | |
| ৬। | মোহাম্মদ শামছুল ইসলাম<br>উপসচিব | 01716426120 | |
| ৭। | ড. মাসুরা বেগম<br>উপসচিব | ০১৭১২৭১৬২৩৭ | |
| ৮। | মো: শরিফুল ইসলাম<br>প্রোগ্রামার | 01689287412 | |

| | | | |
|---|---|---|---|
| | | | |
| | মাহমুদা জেসমিন [illegible] | 0171148228। | [illegible] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |